



মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।

ISO 9001:2008 Certified

☎ : ০২-৭৬১২৮৪৪, ৭৬১১৭৪৭

ই-মেইল- mngpbs@yahoo.com

ওয়েব- www.pbs.munshiganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০২.০২১.২১.৭৯০

তারিখ- ০২/০৯/২০২১ খ্রিঃ

বিষয়ঃ রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির টংগিবাড়ী জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

**শর্তাবলী**

- ০১॥ প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশসহ বিএমডিসি কর্তৃক নিবন্ধিত হতে হবে।
- ০২॥ আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩॥ পবিসের আওতাভুক্ত উপজেলা/এলাকায় সরকারী/অবসরপ্রাপ্ত সরকারী ডাক্তার হিসেবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত ডাক্তারগণকেই কেবল রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪॥ আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে।
- ০৫॥ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৬॥ একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে থাকতে পারবেন না।
- ০৭॥ নিয়োগ/চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮॥ ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদনপত্র আহবান করা হবে এবং সেই সময় যিনি উক্ত পদে অধিষ্ঠিত থাকবেন, তিনিও পুনরায় আবেদন করতে পারবেন। অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে কর্তৃপক্ষ চুক্তি নবায়ন করতে পারবেন।
- ০৯॥ সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন নির্ধারিত সময়ে অন্ততঃ ০১ (এক) ঘন্টা অফিসে উপস্থিত থেকে সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০॥ ব্যক্তিগত চেম্বারে পবিস এর যে কোন কর্মকর্তা/কর্মচারী উল্লিখিত নির্দিষ্ট ০২ (দুই) দিন ব্যতীত সপ্তাহের অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য কোন পৃথক ফি দেওয়া হবে না।
- ১১॥ দূর্ঘটনা বা যে কোন জরুরী প্রয়োজনে পবিস এর ভৌগোলিক এলাকাছিত যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেওয়া হবে)।
- ১২॥ **আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ-**

আবেদনকারী আবেদনপত্রে নিজ নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, বিএমডিসি এর রেজিস্ট্রেশন নং, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি, সাম্প্রতিক তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রসহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

উপরোক্ত পদে নিয়োগ পেতে ইচ্ছুক অগ্রহী প্রার্থীগণ কর্তৃক সাদা কাগজে লিখিত দরখাস্ত আগামী ২১/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবর পৌঁছাতে হবে।

(এ এইচ এম মোবারক উল্যা)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো।)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ০৪। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, মুন্সীগঞ্জ পবিস।
- ০৬। ডিজিএম (টংগিবাড়ী/মুন্সীগঞ্জ/লৌহজং/শ্রীনগর/সিরাজদিখান) জোনাল অফিস, মুপবিস।
- ০৭। আবাসিক মেডিকেল অফিসার, মুন্সীগঞ্জ সদর হাসপাতাল, মুন্সীগঞ্জ।
- ০৮। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, টংগিবাড়ী/লৌহজং/শ্রীনগর/সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
- ০৯। এজিএম, নওপাড়া/নিমতলা/ভাগ্যকুল/চরডুমুরিয়া সাব-জোনাল অফিস, মুপবিস।
- ১০। নোটিশ বোর্ড/অফিস কপি/মাস্টার কপি।

(এ এইচ এম মোবারক উল্যা)  
সিনিয়র জেনারেল ম্যানেজার